জীবননগরে বিশ্ব তামাকমুক্ত দিবস পালিত

চুয়াডাঙ্গার জীবননগরে র্যালী ও আলোচনা সভার মধ্যে দিয়ে বিশ্ব তামাকমুক্ত দিবস পালিত হয়েছে।
আজ বুধবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে চত্বর থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
জীবননগর উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা তিথি মিত্রর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর থানার ওসি (অপারেশন )মোঃ মতিয়ার রহমান,জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌েরর চিকিৎসক ডাঃ সাফা মজিদ,ইন্সেপেক্টর মোঃ আনছুর রহমান,শিক্ষক আব্দুল আল মঈন প্রমুখ।